গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
www.lged.gov.bd

স্মারক নং: ৪৬.০২.০০০০.৩২২.৯৯.০০৪.২৫-১৪৮ তারিখঃ ১৭/০৭/২০২৫

# পরিপত্র

বিষয়ঃ **সীমিত দরপত্র পদ্ধতি (LTM) -তে দরপত্র আহবানের জন্য ক্রয়কারী (PE)-কর্তৃক যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়নের ক্ষেত্রে Electronic Enlistment System (EES) চালুকরণ প্রসঙ্গে।**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতায় জেলার নির্বাহী প্রকৌশলীর দপ্তরে সীমিত দরপত্র ক্রয় পদ্ধতি (LTM)-তে দরপত্র আহবানের জন্য পাবলিক পকিউরমেন্ট বিধিমালা ২০০৮ এর বিধি ৫২ এর আলোকে যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন প্রক্রিয়া সম্পাদনের ক্ষেত্রে বিদ্যমান অফলাইন পদ্ধতির পাশাপাশি ২০২৫-২৬ অর্থবছর থেকে অনলাইন পদ্ধতি (Electronic Enlistment System - EES) চালু করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। EES পদ্ধতিতে আগ্রহী ঠিকাদারগণ www.mygov.bd ওয়েবসাইটে 'নাগরিক লগইন' অপশন ব্যবহার করে রেজিস্ট্রেশন পূর্বক 'LGED Tenderer's Enlistment Application' সেবাটি অনুসন্ধানের মাধ্যমে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে পারবেন। উল্লেখ্য, উক্ত ওয়েবসাইটে অটোমেটেড চালান সিস্টেমের মাধ্যেম ফি প্রদানের ব্যবস্থা রয়েছে। এমতাবস্থায়, সীমিত দরপত্র পদ্ধতি (LTM) -তে দরপত্র আহবানের জন্য ক্রয়কারী (PE)-কর্তৃক যোগ্যতাসম্পন্ন ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট ক্রয়কারীগণকে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণের নির্দেশ প্রদান করা হলোঃ

(১) সীমিত দরপত্র পদ্ধতির অধীন ক্রয়কার্যে অংশগ্রহণে ঠিকাদার তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী ঠিকাদারগণকে তাঁদের যোগ্যতার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি দাখিলের জন্য আহবান জানিয়ে ক্রয়কারী কর্তৃক স্থানীয় পত্রিকায় বিজ্ঞাপন প্রকাশ করবেন।

(২) ঠিকাদারগণ যে জেলায় তালিকাভুক্তিতে আগ্রহী সেই জেলার নির্বাহী প্রকৌশলী তথা ক্রয়কারী (Procuring Entity) এর দপ্তরে আবেদন পত্র জমা দিবেন (অথবা Online Platform (www.mygov.bd) এ আবেদন করবেন)। যে সকল ঠিকাদার বর্তমানে কোন ক্রয়কারী এর দপ্তরে তালিকাভুক্ত আছেন তাঁদেরকেও নবায়নের জন্য সংশ্লিষ্ট ক্রয়কারীর দপ্তরে আবেদন পত্র জমা দিতে হবে (অথবা Online Platform (www.mygov.bd) এ আবেদন করবেন)।

(৩) ঠিকাদারগণের নতুন তালিকাভুক্তির জন্য সংশ্লিষ্ট ক্রয়কারী বাংলাদেশ পাবলিক প্রকিউরমেন্ট অথরিটি এর ওয়েবসাইট (www.bppa.gov.bd) হতে Standard Application Form for Enlistment (SAFE-B) ডাউনলোড করে আবেদনপত্র প্রস্তুতপূর্বক তা তালিকাভুক্তির জন্য আগ্রহী ঠিকাদারগণকে সরবরাহ করবেন। অনলাইন পদ্ধতির ক্ষেত্রে, আগ্রহী ঠিকাদারগণ মাইগভ ওয়েবসাইটে (www.mygov.bd) 'নাগরিক লগইন' অপশন ব্যবহার করে 'LGED Tenderer's Enlistment Application' সেবাটি অনুসন্ধানের মাধ্যমে অনলাইনে আবেদন পূরণ করে জমা দিতে পারবেন।

(৪) তালিকাভুক্তিকরণ এবং নবায়ন ফি নিম্নরূপভাবে নির্ধারণ করতে হবে:

- শ্রেণীভিত্তিক তালিকাভুক্তিকরণ ফি-৫,০০০ (পাঁচ হাজার) টাকা;
- শ্রেণীভিত্তিক নবায়ন ফি-২,০০০ (দুই হাজার) টাকা;
- জরিমানা প্রদান ব্যতীত নবায়নের শেষ সময় সংশ্লিষ্ট অর্থবৎসরের সেপ্টেম্বর মাস পর্যন্ত। এর পর নবায়নের আবেদনের ক্ষেত্রে ১,০০০ (এক হাজার) টাকা বিলম্ব ফি হিসেবে প্রদান করতে হবে (শুধুমাত্র অফলাইনে আবেদনের ক্ষেত্রে প্রযোজ্য)।

(৫) ঠিকাদারগণ নির্ধারিত ফি, প্রযোজ্য ক্ষেত্রে বিলম্ব ফি ও সকল ফি-এর উপর জাতীয় রাজস্ব বোর্ডের নিয়মানুযায়ী ভ্যাট ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করবেন এবং তালিকাভুক্তি এবং নবায়নের আবেদনের সাথে উক্ত ট্রেজারী চালানের কপি সংযুক্ত করবেন।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

(৬) কোন একটি অর্থবৎসরে নবায়ন না করা হলে পরবর্তীতে নতুনভাবে তালিকাভুক্তিকরণের আবেদন করতে হবে।

(৭) প্রতি অর্থবৎসরে জুলাই মাস হতে (প্রযোজ্য ক্ষেত্রে, বিলম্ব ফিসহ) নবায়নের আবেদন পাওয়া গেলে প্রতিটি ক্ষেত্রে [Case-by-case] ক্রয়কারী অনতিবিলম্বে নিষ্পত্তি করবেন।

(৮) নতুন তালিকাভুক্তির ক্ষেত্রে, নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত তালিকাভুক্তিকরণ কমিটি মূল্যায়নপূর্বক উক্ত তালিকা প্রস্তুত করবেন এবং সংশ্লিস্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলী উক্ত তালিকা অনুমোদন করবেন:

১. ক্রয়কারী, সংশ্লিস্ট জেলা -আহবায়ক
২. সিনিয়র সহকারী প্রকৌশলী, সংশ্লিস্ট জেলা-সদস্য
৩. সংশ্লিস্ট অঞ্চলের তত্ত্বাবধায়ক প্রকৌশলীর প্রতিনিধি-সদস্য

(৯) উপরিউক্ত কার্যাদি সম্পাদনের পর তালিকাভুক্ত দরদাতাগণের অনুকূলে ক্ষেত্রমত অনলাইন ও অফলাইন পদ্ধতিতে তালিকাভুক্তি সনদ ইস্যু করতে হবে।

(১০) তালিকাভুক্ত/নবায়নকৃত দরদাতাগণ শুধুমাত্র সংশ্লিস্ট জেলার এলজিইডি'র আওতাধীন সীমিত দরপত্র পদ্ধতিতে আহবানকৃত দরপত্রে অংশগ্রহণ করতে পারবেন।

(১১) এ বছরে জুলাই ১৭, ২০২৫ হতে সেপ্টেম্বর মাস পর্যন্ত মাইগভ ওয়েবসাইটে অনলাইন পদ্ধতিতে আবেদনের সুযোগ থাকবে।

(১২) আগামী অর্থবছর (২০২৬-২৭) হতে ঠিকাদার তালিকাভুক্তিকরণ ও নবায়ন প্রক্রিয়া পুরোপুরি অনলাইন পদ্ধতিতে সম্পন্ন করা হবে।

(১৩) এই পরিপত্র জারির পূর্বে কোন জেলার তালিকাভুক্তিকরণ ও নবায়ন প্রক্রিয়া গৃহীত হয়ে থাকলে উক্ত কার্যক্রম অনলাইন (EES) পদ্ধতির পাশাপাশি পূর্বের নিয়মেও সম্পন্ন করা যাবে।

সকল নির্বাহী প্রকৌশলীগণকে বর্ণিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করার জন্য বলা হলো। উল্লেখ্য, এতদসংক্রান্ত ইতোপূর্বে জারীকৃত সকল আদেশ/পরিপত্র বাতিল বলে গণ্য হবে।

১৬/০৭/২০২৫

**(মোঃ আব্দুর রশীদ মিয়া)**
প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)
ফোনঃ +৮৮-০২-৫৫০০৭২৪৮
ই-মেইলঃ ce@lged.gov.bd

স্মারক নং: ৪৬.০২.০০০০.৩২২.৯৯.০০৪.২৫-১৪৬/১(৫) তারিখঃ ১৬/০৭/২০২৫ খ্রিঃ

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ
১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/বিভাগ।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল), এলজিইডি, সদর দপ্তর/অঞ্চল।
৩। প্রকল্প পরিচালক (সকল)................................................... এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
৪। নির্বাহী প্রকৌশলী (সকল), এলজিইডি, জেলাঃ ........................................।
৫। উপজেলা প্রকৌশলী (সকল), এলজিইডি, .......................... উপজেলা, জেলাঃ ..........................।

16.07.2025

**(মো: জাহিদ হোসেন খান)**
নির্বাহী প্রকৌশলী (প্রকিউরমেন্ট)
ফোনঃ ০২-৫৫০০ ৬৭৭৫
ই-মেইলঃ xen.procurement@lged.gov.bd